সংবাদ

তারিখ 24 SEP 2016
পৃষ্ঠা ৫ কলাম ৬

# ইবিতে দেশের প্রথম ইনোভেশন ল্যাব উদ্বোধন

**প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়**

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ইনোভেশন ল্যাব উদ্বোধন করা হয়েছে। গত বুধবার বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ ল্যাব উদ্বোধন করা হয়। জানা যায়, বিভাগের সভাপতি শরিফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. রাশিদ আসকারি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ শাহিনুর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. সেলিম তোহা, অধ্যাপক ড. শামসুল ইসলাম, আইসিই বিভাগের সিনিয়র শিক্ষক অধ্যাপক ড. মাবুবুর রহমান। বিভাগের সাবেক তিন শিক্ষার্থী ড. খন্দকার রহমতুল্লাহ, ইফতেখারুল ইসলাম শিমুল এবং শামসুল হক রিপনের সহযোগিতায় এবং বিভাগের শিক্ষক ড. জাহিদুল ইসলাম ও জসিম উদ্দীনের সহায়তায় দেশের প্রথম ইনোভেশন ল্যাব উদ্বোধন করা হয় বিশ্ববিদ্যালয়ের আইসিই বিভাগে। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রছাত্রীদের উদ্যোগে প্রতিষ্ঠিত এই আইসিই ইনোভেশন ল্যাব হবে একটি কোলাবেরেট প্লাটফরম। যেখানে শিক্ষক-শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীরা সম্মিলিতভাবে নতুন নতুন আইডিয়া নিয়ে গবেষণা করার সুযোগ পাবে। যেখানে থাকবে তথ্য প্রযুক্তির ট্রেন্ডের সকল ইকুপমেন্ট। প্রাথমিক পর্যায়ে এই ল্যাবে ইন্টারনেট অফ থিংস নিয়ে কাজ করা হবে।